

প্রশ্নঃ ৪০২. একজন ব্যবসায়ী চুরি কৃত মাল জানা সত্যেও ক্রয় করে রাখলে, ব্যবসায়িক গুনাহগার হবে কিনা,,,,,?

চোরাই মাল ক্রয়-বিক্রয় করা সম্পূর্ণ হারাম। কারণ, বিক্রোতা এ মালের মালিক নয়। অথচ ক্রয়-বিক্রয়ের প্রধান শর্ত হলো, বিক্রোতা পণ্যের/সম্পদের মালিক হওয়া। কারো কোনো জিনিস চুরি করা বা আত্মসাৎ করা মহাপাপ। এ পাশে লিঙ ব্যক্তির তাৎক্ষণিক ফরয হলো খাঁটি দিলে তওবা করা এবং চুরিকৃত জিনিসটি মালিককে ফেরত দেওয়া। তা না করে এটিকে বিক্রি করে দেওয়া চুরি এবং আত্মসাৎের মতো অপরাধকে আরো প্রতিষ্ঠিত করার নামান্তর। যা স্বতন্ত্র কবীরা গুনাহ। আর যে ব্যক্তি জেনে-গুনে তা ক্রয় করল সেও এ কবীরা গুনাহে শরিক হলো। উপরন্তু এ ক্রয়-বিক্রয় যেহেতু ভুয়া তাই না ক্রোতা এ পণ্যের মালিক হবে না বিক্রোতা মূস্যের মালিক হবে। এদের উভয়ের উপর ফরয, পণ্য মূল মালিককে ফেরত দেওয়া।

ফতোয়ায়ে শামি-৪/৫০৪-৫০৫

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

